



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2025

গভর্নর ক্যাথি হোকল

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: AMNYতে গভর্নর হোকলের অপ-এড: আমাদের শিশুদের মনোযোগের জন্য যুদ্ধে আমরা কীভাবে জয়ী হবো

আজকে, amNY গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) একটি অপ-এড প্রকাশ করেছে যার বিষয় হলো বেল থেকে বেল পর্যন্ত স্কুলে স্মার্টফোনের ব্যবহার সীমিত করার জন্য তার প্রস্তাবনা, যার ফলে স্টুডেন্টরা মনোযোগের ব্যাঘাত ঘটে না এমন একটি পরিবেশে শিক্ষা পেতে ও যোগাযোগ করতে পারবে। [অপ-এডের টেক্সট অনলাইনে দেখা যেতে পারে](#) এবং নীচে উপলব্ধ:

যখন আমি নিউ ইয়র্কের (New York) সর্বপ্রথম মা গভর্নর হই, তখন আমি প্রতিজ্ঞা করেছিলাম যে আমার স্টেটের শিশুদের জন্য এমনভাবে লড়াই করবো যেনো তারা আমারই সন্তান। আমি আমাদের স্কুলে সেই চেষ্টা করছি, কারণ আমি জানি যে মনোযোগের ব্যাঘাত হতে না এমন একটি পরিবেশে শেখ ও বিকাশ করা প্রত্যেক শিশুর জন্য অতি গুরুত্বপূর্ণ। গত এক বছরে আমি বাবা-মা, শিক্ষক, অ্যাডমিনিস্ট্রেটর, এবং স্টুডেন্টদের কথা শোনার সেশন করেছি যাতে স্টুডেন্টদের সাফল্যের পথে সবথেকে বড় বাঁধাগুলির একটি দূর করা যায়: সেল ফোনের কারণে অনবরত মনোযোগের ব্যাঘাত হওয়া যা আমাদের শিশুদের হাতে স্থায়ীভাবে আটকে গেছে বলে মনে হচ্ছে।

আমি যা শুনেছি যা বিস্ময়কর। সবাই একমত হয়েছে যে আমাদের স্কুলে ফোনের কারণে আমাদের শিশুদের পিছিয়ে থাকছে, যার মধ্যে উদ্বিগ্ন এক কিশোর বলেছে "আপনাদেরকে আমাদের নিজেদের থেকে নিজেদেরকে বাঁচাতেই হবে।" আমরা এই সমস্যার সমাধানের জন্য অপেক্ষা করতে পারি না; অবিরাম বিতর্ক করতেই থাকলে আমাদের শিশুদের কষ্ট শুধু বেড়েই যাবে। সেজন্য নিউ ইয়র্কের পাবলিক স্কুলে স্মার্টফোন এবং অন্যান্য ডিজিটাল মনোযোগ ব্যাঘাত করার কারণের ব্যবহার সীমিত করার জন্য আমি এখন একটি ল্যান্ডমার্ক পলিসির প্রস্তাব করছি।

দায়িত্ব নেওয়ার পর থেকেই আমি শিশুদের জীবন উন্নত করার জন্য উচ্চাকাঙ্ক্ষী এজেন্ডার জন্য চেষ্টা করেছি। আমরা নতুন খেলার মাঠ তৈরি করেছি, স্কুলের ফ্যাসিলিটি উন্নত করেছি, এবং মাতৃকালীন এবং নবজাতকের মৃত্যু কমাতে মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি। গত বছর আমি দেশের প্রথম লেজিস্লেশনে সাইন করেছি যা আমাদের শিশুদেরকে আসক্তি সৃষ্টিকারী সোশ্যাল মিডিয়া ফিড থেকে রক্ষা করে এবং ডিজিটাল ডিভাইসের গ্রাস থেকে তাদের মুক্ত করে। যদিও আমরা অগ্রগতি করেছি, তবে আমাদের কাজ শেষ হতে অনেক বাকি।

পুরো নিউ ইয়র্কে, বড় শহরে এবং এক-স্টপলাইট থাকা হ্যামলেটগুলিতে একইভাবে আমাদের শিশুরা মাথা নিচু করে তাদের চোখ স্ক্রিনে আটকে রাখছে। স্মার্টফোন, স্মার্ট ওয়াচ, এবং ট্যাবলেট তাদের সকল মনোযোগ দখল করে রেখেছে। ব্ল্যাকবোর্ডে কী পড়ানো হচ্ছে বা মা কী বলছে তার থেকে রিল এবং নোটিফিকেশন অনেক বেশি কৌতূহল তৈরি করে বলে দেখা গেছে। যখন বর্ডার জন্য ডিভাইস রেখে দেওয়া কঠিন, তখন ভেবে দেখুন এখনো শৃঙ্খলা এবং নিজেকে নিয়ন্ত্রণ করতে শিখছে এমন শিশুদের জন্য এটি আরো কত বেশি কঠিন? এবং যখন আমাদের শিশুরা অংকের থেকে মিমের বেশি মনোযোগ দেয়, তারা পিছিয়ে পড়ে।

অভিজ্ঞতা আমার সাথে একমত। দ্য অ্যাংশাস জেনারেশনের (The Anxious Generation) লেখক, New York University-এর (NYU) প্রফেসর Jonathan Haidt (জোনাথন হাইডট) সতর্ক করেছেন যে "অবিরাম বাঁধাগ্রস্ত হতে থাকলে তা কিশোরদের চিন্তা করার ক্ষমতার ক্ষতি করে এবং তাদের দ্রুত পরিবর্তন হতে থাকা মগজে স্থায়ী প্রভাব ফেলতে পারে।" একটি শিশুর বিকাশমান মাথার মতো মূল্যবান একটি ব্যাপারে আমি চুপচাপ বসে বসে দেখবো না এবং আমাদের শিশুদের সারাজীবনের কষ্টের মুখে ঠেলে দিতে পারবো না।

আমি যে নতুন পলিসির প্রস্তাব করেছি তা যতটা সোজাসাপটা ততটাই কার্যকর হবে: প্রথম বেল থেকে শেষ বেল পর্যন্ত আমাদের স্কুলে কোনো ফোন বা ইন্টারনেটসহ ডিভাইস থাকবে না। ডিভাইস কীভাবে রাখতে হবে সে সিদ্ধান্ত নেওয়ার ফ্লেক্সিবিলিটি স্কুলগুলির থাকবে, যার ফলে শিক্ষকরা সেই কাজ করতে পারবেন যা তারা সবথেকে ভালো পারেন, শেখানো।

আমি জানি পরিবর্তন অনেক সময় কঠিন হয়, এবং ভয়ের কারণ হতে পারে। যদিও বেশিরভাগ বাবা-মা একমত হয়েছেন যে সেল ফোন স্কুলের জন্য একটি সমস্যা, আমি বুঝতে পারি যে তাদের কেউ কেউ নিজেদের শিশুদের সাথে যোগাযোগ রাখা নিয়ে দুশ্চিন্তা করছেন। সেজন্য প্রয়োজন হলে স্কুল চলার সময় বাবা-মা যাতে তাদের সন্তানের সাথে যোগাযোগ করতে পারে তার ব্যবস্থা করা স্কুলগুলির জন্য আমি আবশ্যিক করেছি। এছাড়াও ফার্স্ট রেস্পন্ডাররা আমাকে তাগিদ দিয়েছে এই পলিসিটি অগ্রসর করার জন্য, সতর্ক করেছে যে জরুরি অবস্থায় অমনোযোগী শিশুরা প্রায়ই নির্দেশনা মানতে ব্যর্থ হয়।

এই অ্যাডজাস্টমেন্ট হয়তো সহজ হবে না, কিন্তু এটিই সঠিক। আমাদের সন্তানদের ক্ষতি থেকে রক্ষা করা প্রাপ্তবয়স্ক হিসেবে আমাদের কর্তব্য, তা সেটি অ্যালকোহল, তামাক, বা আসক্তি সৃষ্টিকারী সোশ্যাল মিডিয়া অ্যালগরিদম যাই হোক না কেনো। আমাদের এটি ভুলে যাওয়া উচিত না যে মনোযোগের ব্যাঘাত না ঘটিয়ে শিক্ষা কোনো র্‌যাডিকাল ধারণা না। বহু জেনারেশন ধরে, মানুষ স্কুলে গিয়েছে, বন্ধু বানিয়েছে, এবং সেল ফোনের বাঁধন ছাড়াই বড় হয়ে উঠতে পেরেছে। আমাদের স্কুলগুলিকে আবার শেখার অভ্যারণ্য করার মাধ্যমে আমরা বিগ টেকের লাভের থেকে আমাদের শিশুদের কল্যাণকে অগ্রাধিকার দিচ্ছি।

আমাদের সন্তানদের এইসব আসক্তি সৃষ্টিকারী ডিভাইস থেকে মুক্তি দিলে কী হবে তা নিয়ে আমার একটি অনুমান আছে: আমরা সবাই অবাক হবো। অবাক হবো যে তাদের হাসি কতটা জোরালো। অবাক হবো তাদের কৌতূহল ও সৃজনশীলতা নিয়ে। অবাক হবো যে খেলার জন্য, নিজেদের প্রকাশ করার জন্য, এবং আবার শুধু বাচ্চা হয়ে থাকার জন্য তাদের কতটা এনার্জি

আছে। একসাথে আমরা আমাদের সম্ভানদের মুক্তি দিচ্ছি, এবং ভবিষ্যৎ আগে আরো কখনোই এতো উজ্জ্বল মনে হয়নি।

Kathy Hochul (ক্যাথি হোকল) হলেন নিউ ইয়র্কের 57তম গভর্নর, এবং এই দায়িত্ব পালন করা সর্বপ্রথম নারী।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)